গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
আইসিটি সেল
www.mofl.gov.bd

ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

সভাপতি	তোফাজ্জেল হোসেন অতিরিক্ত সচিব
সভার তারিখ	২২ অক্টোবর, ২০২৪ খ্রি.
সভার সময়	দুপুর ১২.০০ ঘটিকা
স্থান	জুম প্ল্যাটফর্ম
উপস্থিতি	পরিশিষ্ট “ক”

সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় প্রধানত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর মূল্যায়ন এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর বাস্তবায়ন নিয়ে আলোচনা করা হয়। ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটালকৃত সেবার ডাটাবেজ হালনাগাদ এবং চালু রাখার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। এছাড়া আওতাধীন সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইট পুঙ্খানুপুঙ্খভাবে পর্যবেক্ষণ করার বিষয়ে আলোকপাত করা হয় এবং ওয়েবসাইটের সকল কন্টেন্ট হালনাগাদ রাখার বিষয়ে সকলকে অনুরোধ করা হয়। অতঃপর জনাব মোঃ ইলিয়াস হোসেন, সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-কে আওতাধীন দপ্তর / সংস্থার ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।

<u>২। দপ্তর/সংস্থার বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনাঃ</u>

২.১) সিস্টেম এনালিস্ট মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন অফিসার মহোদয়কে স্বাগত জানিয়ে তার উপস্থাপনা শুরু করেন। শুরুতেই তিনি ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কর্মসম্পাদন সূচকসমূহ সকলের সামনে উপস্থাপন করেন এবং কর্মসম্পাদন সূচকসমূহ কিভাবে বাস্তবায়ন করতে হবে সে বিষয়ে আলোকপাত করেন। তিনি জানান, মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা থেকে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পাওয়া গেছে। দপ্তর/সংস্থা থেকে প্রেরিত প্রমাণকসমূহ পর্যালোচনা করার জন্যই আজকের এই সভা আয়োজন করা হয়েছে।

২.২) শুরুতেই তিনি মৎস্য অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সকলের সামনে উপস্থাপন করেন। এরপর প্রমাণক অনুযায়ী মৎস্য অধিদপ্তরের বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পুঙ্খানুপুঙ্খভাবে মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন অফিসার এবং ইনোভেশন টিম কর্তৃক পর্যালোচনা করা হয়। যে সকল প্রমাণকে অসামঞ্জস্যতা রয়েছে সেগুলো আগামী সপ্তাহের মধ্যে পুনরায় মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করেন।

২.৩) এরপর প্রাণিসম্পদ অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন করেন। প্রাণিসম্পদ অধিদপ্তরের অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদনটিও মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন অফিসার এবং ইনোভেশন টিম কর্তৃক পর্যালোচনা করা হয়। প্রমাণকসমূহ পর্যালোচনা করে সভাপতি মহোদয় প্রাণিসম্পদ অধিদপ্তরের ই-নথি কার্যক্রমের হার বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অধিদপ্তরের ইনোভেশন টিমের প্রতিনিধিদের নির্দেশনা প্রদান করেন। এছাড়া, যে সকল প্রমাণকে অসামঞ্জস্যতা রয়েছে সেগুলো আগামী সপ্তাহের মধ্যে পুনরায় মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করেন।

২.৪) পরবর্তীতে বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন করেন। মন্ত্রণালয়ের ইনোভেশন টিম কর্তৃক বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের প্রমাণকটি

পর্যালোচনা করা হয় এবং তাদের প্রেরিত প্রমাণকটি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক তৈরি করা হওয়ায় সভাপতি মহোদয় বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের ইনোভেশন টিমকে ধন্যবাদ প্রদান করেন এবং তাদের এ কার্যক্রম অব্যাহত রাখার প্রতি আহবান জানান।

২.৫) এরপর বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্সটিটিউট-এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন করা হয়। বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্সটিটিউট-এর ই-নথি কার্যক্রম বৃদ্ধির জন্য পরামর্শ প্রদান করা হয়। এছাড়া, যে সকল প্রমাণকে অসামঞ্জস্যতা রয়েছে সেগুলো আগামী সপ্তাহের মধ্যে পুনরায় মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করেন।

২.৬) পরবর্তীতে বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট-এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন করা হয় এবং চিফ ইনোভেশন মহোদয়ের নেতৃত্বে মন্ত্রণালয়ের ইনোভেশন টিম কর্তৃক বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট-এর প্রমাণক পর্যালোচনা করা হয়। যে সকল প্রমাণকে অসামঞ্জস্যতা রয়েছে সেগুলো আগামী সপ্তাহের মধ্যে পুনরায় মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করেন।

২.৭) এরপর মেরিন ফিশারিজ অ্যাকাডেমির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সকলের সামনে উপস্থাপন করা হয় এবং চিফ ইনোভেশন মহোদয়ের নেতৃত্বে মন্ত্রণালয়ের ইনোভেশন টিম কর্তৃক পর্যালোচনা করা হয়। যে সকল প্রমাণকে অসামঞ্জস্যতা রয়েছে সেগুলো আগামী সপ্তাহের মধ্যে পুনরায় মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করেন।

২.৮) পরবর্তীতে বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সকলের সামনে উপস্থাপন করা হয় এবং মন্ত্রণালয়ের ইনোভেশন টিম কর্তৃক পর্যালোচনা করা হয়। যে সকল প্রমাণকে অসামঞ্জস্যতা রয়েছে সেগুলো আগামী সপ্তাহের মধ্যে পুনরায় মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করেন।

২.৯) সর্বশেষ মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন করা হয় এবং পর্যালোচনা করা হয়। ই-নথি কার্যক্রমবৃদ্ধিসহ বাকি কার্যক্রমগুলো যথাযথভাবে সম্পাদন করার নির্দেশনা প্রদান করা হয়। যে সকল প্রমাণকে অসামঞ্জস্যতা রয়েছে সেগুলো আগামী সপ্তাহের মধ্যে পুনরায় মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করেন।

২.১০) পরবর্তীতে সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কর্মসম্পাদন সূচকসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

<u>৩। দপ্তর/সংস্থার ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ</u>

৩.১) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কার্যক্রম [১.১] বিষয়ে সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বলেন সেবা সহজিকরণ / ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন কার্যক্রমটি আগামী ১৬/০৩/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে বাস্তবায়ন করলে কর্মপরিকল্পনায় বরাদ্দকৃত ১০ নম্বর অর্জিত হবে। তিনি আওতাধীন সকল দপ্তর/সংস্থার প্রতিনিধিকে দ্রুত সেবাসমূহ চিহ্নিত করে সহজিকরণ ও ডিজিটাইজেশন করার জন্য অনুরোধ জানান।

৩.২) পরবর্তীতে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কার্যক্রম [১.২] বিষয়ে তিনি জানান যে, ইতঃপূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও সেবাসমূহ চলমান রাখা কার্যক্রমটি বাস্তবায়ন করা খুবই গুরুত্বপূর্ণ। তিনি আরও জানান, নতুন কোন সেবা চালু হওয়া মাত্রই তা ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটালকৃত সেবার ডাটাবেজ সংক্রান্ত সফটওয়্যার এ তা অন্তর্ভুক্ত করতে হবে। এছাড়া, মন্ত্রিপরিষদ বিভাগে ত্রৈমাসিক প্রতিবেদন ও প্রত্যয়ন প্রেরণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত ছক মোতাবেক ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটালকৃত সেবার ডাটাবেজ সফটওয়্যারটি হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয় এবং সফটওয়্যার থেকে ডাটাবেজের স্ক্রিনশট নিয়ে প্রত্যয়ন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

৩.৩) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কর্মসম্পাদন সুচক [১.৪.১] ই-ফাইলে নিষ্পত্তিযোগ্য নথির

তালিকা নির্ধারিত বিষয়ে তিনি বলেন, ইতোমধ্যে ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য ও অনিষ্পত্তিযোগ্য নথির তালিকা গত ৩১/০৮/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে আওতাধীন সকল দপ্তর / সংস্থা থেকে প্রেরণ করা হয়েছে। "ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা" হতে হার্ডনথিতে নিষ্পত্তিকৃত নথির সংখ্যা বের করে সে অনুসারে প্রত্যেক মাসের ডি- নথিতে নিষ্পত্তির হার বের করার বিষয়টি উল্লেখ করেন। এছাড়া তিনি, আওতাধীন দপ্তর/সংস্থার প্রত্যেক মাসের ডি-নথিতে নিষ্পত্তির হার অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার (RMS) ব্যবহার করে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি উল্লেখ করেন।

৩.৪) পরবর্তীতে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কার্যক্রম [২.৩] বিষয়ে তিনি বলেন, আগামী ০১/১২/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে নিজ অফিস এবং আওতাধীন অফিসে অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার বাস্তবায়ন করতে হবে। ইতোমধ্যে আওতাধীন দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এটুআই থেকে অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যরের উপর প্রশিক্ষণ গ্রহণ করেছেন। সে মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি সকলকে অনুরোধ করেন।

৩.৫) এছাড়া, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর অন্যান্য কার্যক্রমসমূহ নিয়েও বিস্তারিত আলোচনা করা হয় এবং উক্ত কার্যক্রমসমূহ যথাসমূহে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের জন্য তিনি আওতাধীন সকল দপ্তর/সংস্থার প্রতিনিধিদের প্রতি অনুরোধ জানান।

<u>৪। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ</u>

৪.১) আওতাধীন সকল দপ্তর/সংস্থা ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটালকৃত সেবার ডাটাবেজ সফটওয়ারটি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক হালনাগাদকরণ।

৪.২) আওতাধীন সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইট পুঙ্খানুপুঙ্খভাবে পর্যবেক্ষণ করা এবং ওয়েবসাইটের সকল কন্টেন্ট হালনাগাদ রাখা।

৪.৩) আওতাধীন সকল দপ্তর/সংস্থা থেকে প্রেরিত প্রমাণকসমূহের মধ্যে যে সকল প্রমাণকে অসামঞ্জস্যতা রয়েছে সেগুলো আগামী সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ।

৪.৪) "ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা" হতে হার্ডনথিতে নিষ্পত্তিকৃত নথির সংখ্যা বের করে সে অনুসারে প্রত্যেক মাসের ডি- নথিতে নিষ্পত্তির হার বের করে অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার (RMS) এর মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ।

৪.৫) আগামী ০১/১২/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে নিজ অফিস এবং আওতাধীন অফিসে অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার বাস্তবায়ন।

৪.৬) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ প্রতি সপ্তাহে অন্তত একবার অবলোকন করা এবং কর্মপরিকল্পনা অনুসারে সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন।

৫) অতঃপর সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।

০৬-১১-২০২৪
তোফাজ্জেল হোসেন
অতিরিক্ত সচিব

২১ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০৬ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.২০.০০১.২৪.৩৩৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর;
২। মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর;
৩। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন;
৪। মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট;
৫। মহাপরিচালক (সা.দা.), মহাপরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট;
৬। অধ্যক্ষ, অধ্যক্ষ এর দপ্তর, মেরিন ফিশারিজ একাডেমি;
৭। উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর;
৮। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল;
৯। উপসচিব, মৎস্য পরিকল্পনা-২ শাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়;
১০। উপসচিব, মৎস্য-২ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়;
১১। সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়;
১২। সিনিয়র সহকারী সচিব, প্রাণিসম্পদ পরিকল্পনা-১ শাখা , মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং
১৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

সকল সংযুক্তিসমূহ:
(১) পরিশিষ্ট - ক

০৬-১১-২০২৪
মোঃ ইলিয়াস হোসেন
সিস্টেম এনালিস্ট